গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিগ্রহণ-১ অধিশাখা
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৪৭.৬৮.০৩৯.২৫-২৬৩

তারিখ: ২৮ আশ্বিন ১৪৩২
১৩ অক্টোবর ২০২৫

বিষয়: প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০২৫-২৬ অর্থ বছরের ৩য় সভার কার্যবিবরণী।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ শাখার ০২/০৯/২০২৫ তারিখের ০৪.০০.০০০০.০০০.৭১১.০৬.০০১২.২৫-২০৭ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'উপজেলা, জেলা, বিভাগ এবং ঢাকায় কেন্দ্রীয় পর্যায়ে সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের অফিসের জন্য একই স্থানে পরিকল্পিতভাবে সমন্বিত ভবন নির্মাণ সংক্রান্ত উদ্যোগ গ্রহণের বিষয় প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০২৫-২০২৬ অর্থবছরের ৩য় সভায় আলোচ্য বিষয় :৫-এ অন্তর্ভুক্ত করে বিস্তারিত পর্যালোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: "উপজেলা, জেলা, বিভাগ এবং ঢাকায় কেন্দ্রীয় পর্যায়ে সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের অফিসের জন্য একই স্থানে পরিকল্পিতভাবে সমন্বিত ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণের জন্য সুপারিশ করা হলো"।

০২। এমতাবস্থায়, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০২৫-২৬ অর্থ বছরের ৩য় সভার আলোচ্য বিষয়:৫-এর বিষয়ে গৃহীত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে- ১ (এক) ফর্দ।

১৩.১০.২০২৫
মুহাম্মদ আব্দুল লতিফ
উপসচিব
ফোন-০২৫৫১০০০৪৫

সিনিয়র সচিব/সচিব
------------------------------(সকল)।

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৪৭.৬৮.০৩৯.২৫-২৬৩/১(২)

তারিখ: ২৮ আশ্বিন ১৪৩২
১৩ অক্টোবর ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ...

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। যুগ্মসচিব (অধিগ্রহণ অনুবিভাগ), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। মাস্টার কপি/অফিস কপি।

মুহাম্মদ আব্দুল ...
উপসচিব

ডায়েরী নং- ৯০৮৯
তারিখ- ২৫/১০/২৫
যুগ্ম সচিব (প্রশাসন / বা.ও.অ.)
পেশ করুন / জরুরী
অতিরিক্ত সচিব (প্রশাসন)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

ডায়েরী নং-
তারিখ-
যুগ্ম সচিব (প্রশাসন / বা.ও.অ.)
যুগ্ম সচিব (জামস / প্লাউ)
প্রোগ্রামার
হিসাব রক্ষণ কর্মকর্তা
পি ও / অন্যান্য
পেশ করুন / জরুরী

Pls enclose to concerned People/Off.

ডায়েরী নং- ৮৭৩ তারিখ: ২১/৮/২৫
উপসচিব (প্রশাঃ ১/২/৩/প্রশিক্ষণ/আইন)
সিঃসঃসঃ /সহকারী সচিব (প্লাউ/প্রশাঃ ১/২/৩)
সিনিয়র তথ্য অফিসার
হিসাব রক্ষণ কর্মকর্তা
সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা
প্রোগ্রামার / লাইব্রেরিয়ান
পিও / অন্যান্য
যুগ্মসচিব (প্রশাসন)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ অধিশাখা
www.cabinet.gov.bd

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৭১১.০৬.০০১২.২৫.২০৭

**বিষয়: প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০২৫-২৬ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী।**

৯ ভাদ্র ১৪৩২/২৪ আগস্ট ২০২৫ রবিবার মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ভূমি মন্ত্রণালয়ের নিম্নোক্ত বিষয়ের উপর গৃহীত আলোচনা ও সিদ্ধান্ত নির্দেশক্রমে প্রেরণ হলো।

**আলোচ্য বিষয়-৫: উপজেলা, জেলা, বিভাগ এবং ঢাকায় কেন্দ্রীয় পর্যায়ে সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের অফিসের জন্য একই স্থানে পরিকল্পিতভাবে সমন্বিত ভবন নির্মাণ সংক্রান্ত উদ্যোগ গ্রহণ।**

**আলোচনা:**

৫.১। ভূমি মন্ত্রণালয় হতে ২৪ জুন ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৪৭.৬৮.০৩৯.২৫.১৬৬ নম্বর স্মারকে প্রাপ্ত উপজেলা, জেলা, বিভাগ এবং ঢাকায়

কেন্দ্রীয় পর্যায়ে সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অফিসের জন্য একই স্থানে পরিকল্পিতভাবে সমন্বিত ভবন নির্মাণ সংক্রান্ত উদ্যোগ গ্রহণের প্রস্তাব সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয় উপস্থাপন করেন।

**৫.২।** বাংলাদেশে কোনো কোনো ক্ষেত্রে অপরিকল্পিত শিল্পায়ন, যত্রতত্র বসতভিটা নির্মাণ, অপরিকল্পিত অবকাঠামো উন্নয়ন, জনসংখ্যা বৃদ্ধি ইত্যাদি কারণে ক্রমাগতভাবে কৃষি জমিসহ অন্যান্য জমি হ্রাস পাচ্ছে। বাংলাদেশের ক্রমবর্ধিষ্ণু জনসংখ্যার খাদ্যের চাহিদা পূরণের জন্য জমি সুরক্ষার কোন বিকল্প নেই, আবার রাষ্ট্রীয় উন্নয়নমূলক কার্যক্রমের প্রয়োজনে জমি অধিগ্রহণও আবশ্যক। স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল, ১৯৯৭-এর অনুচ্ছেদ-১২ এ 'অধিগ্রহণ প্রস্তাবে কৃষি জমি বা অন্য কোন মূল্যবান জমি থাকিলে উহা যথাসম্ভব বাদ দিয়া তৎপরিবর্তে অনাবাদী, পতিত বা কম মূল্যবান জমি অধিগ্রহণের প্রচেষ্টা গ্রহণ করিতে হইবে" মর্মে নির্দেশনা রয়েছে। এছাড়া জাতীয় ভূমি ব্যবহার কমিটির ২৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে অনুষ্ঠিত সভায় "মহানগর, জেলা ও উপজেলায় বহুতল কমপ্লেক্স ভবন বা গুচ্ছাকারে এক বা একাধিক বহুতল ভবন নির্মাণের মাধ্যমে একই মন্ত্রণালয় বা বিভিন্ন মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অফিস/আবাসিক স্থান সংকুলান করতে হবে" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ বিষয়ে বিভিন্ন সময়ে নির্দেশনা প্রদান করা হলেও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ তাদের নিজস্ব কার্যালয় স্থাপনের জন্য প্রশাসনিক অনুমোদন প্রদানপূর্বক পৃথক পৃথক কার্যালয় স্থাপনের জন্য অধিগ্রহণের প্রস্তাব দাখিল করছেন। মাননীয় উপদেষ্টা, ভূমি মন্ত্রণালয়ের সভাপতিত্বে গত ১ জুন ২০২৫ তারিখে অনুষ্ঠিত কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

'জমির সঠিক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বিভাগীয় ও জেলা পর্যায়ে প্রত্যেক অফিসের জন্য পৃথক পৃথক ভবন নির্মাণ না করে সমন্বিত ভবন নির্মাণ করে বিভিন্ন দপ্তরের কার্যালয় একই ছাতার নীচে আনয়নের বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটির সুপারিশ সচিব কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়'।

এ পরিপ্রেক্ষিতে উপজেলা, জেলা, বিভাগ এবং ঢাকায় কেন্দ্রীয় পর্যায়ে সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অফিসের জন্য একই স্থানে পরিকল্পিতভাবে সমন্বিত ভবন নির্মাণ সংক্রান্ত উদ্যোগ গ্রহণের প্রস্তাব করা হয়েছে।

**৫.৩।** বিস্তারিত পর্যালোচনাপূর্বক উপজেলা, জেলা, বিভাগ এবং ঢাকায় কেন্দ্রীয় পর্যায়ে সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অফিসের জন্য একই স্থানে পরিকল্পিতভাবে সমন্বিত ভবন নির্মাণের সুপারিশ করা যেতে পারে মর্মে সভায় ঐকমত্য প্রকাশ করা হয়।

**সিদ্ধান্ত:**

**৫.৪। উপজেলা, জেলা, বিভাগ এবং ঢাকায় কেন্দ্রীয় পর্যায়ে সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অফিসের জন্য একই স্থানে পরিকল্পিতভাবে সমন্বিত ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণের জন্য সুপারিশ করা হলো।**

০২-০৯-২০২৫
জি. এম. সরফরাজ
উপসচিব
২২৬৬৪১০৪৫
ad_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব
ভূমি মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৭১১.০৬.০০১২.২৫.২০৭/১ (১)

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপসচিব, অধিগ্রহণ-১, ভূমি মন্ত্রণালয়।

০২-০৯-২০২৫
জি. এম. সরফরাজ
উপসচিব

০৭৫৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd

**স্মারক নম্বর:** ৩২.০০.০০০০.০০০.০১৮.৯৯.০০০৫.২৪.৫২৮

তারিখ: ১৯ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪-১১-২০২৫
সাবিহা ইয়াসমীন
উপসচিব
৫৫১০০৭৬৫
dsadmin@mowca.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।।
২। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থা/একাডেমি/ফাউন্ডেশন (সকল)।
৩। যুগ্মসচিব (সকল),মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৪। উপসচিব (সকল),মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৫। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মাননীয় উপদেষ্টার দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৬। সিনিয়র সহকারী সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

৮। প্রোগ্রামার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৯। সহকারী সচিব / সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তা (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
১০। অফিস কপি, ।